

জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১



Public Relations Office
Jahangirnagar University
Savar Dhaka Bangladesh
Phone: +88027791045-51

প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় যথাযোগ্য মর্যাদায় বিজয় দিবস পালিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৬ ডিসেম্বর ২০১৯।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় আজ বিজয় দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে দিনব্যাপী নানা ধরনের কর্মসূচির আয়োজন করা হয়। সকালে বিশ্ববিদ্যালয়ের পক্ষে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আমির হোসেন জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করেন। এসময় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মো. নূরুল আলম, কোষাধ্যক্ষ অধ্যাপক শেখ মো. মনজুরুল হক, বিভিন্ন অনুষদের ডিন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার, হল প্রাধ্যক্ষ, ছাত্র-শিক্ষক, অফিসার ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। এরপর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি, মহিলা ক্লাব ও বিভিন্ন হলের পক্ষ থেকে প্রাধ্যক্ষগণ জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করেন।

এর আগে সূর্যোদয়ের সময় প্রো-উপাচার্য (প্রশাসন) এবং প্রো-উপাচার্য (শিক্ষা) প্রশাসনিক ভবনে যথাক্রমে জাতীয় পতাকা এবং বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন।

বিজয় দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারে মুক্তিযুদ্ধ ভিত্তিক গ্রন্থ, জার্নাল, পোস্টার ও আলোকচিত্র প্রদর্শন করা হয়েছে। বিজয় দিবস উপলক্ষে ছাত্রকল্যাণ ও পরামর্শদান কেন্দ্রের আয়োজনে বিকেলে সেলিম আল দীন মুক্তমঞ্চে 'বিজয়ের গান' শিরোনামে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।

বিজয় দিবস উপলক্ষে প্রশাসন ভবন, হল সমূহ ও বিভিন্ন গেইটসহ ক্যাম্পাসের বিভিন্ন স্থানে আলোকসজ্জা করা হয়েছে এবং আবাসিক হলসমূহে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়েছে।

Swad

মো. আবদুস সালাম মিয়া
পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ কার্যালয়